



বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ
নির্বাহী প্রকৌশলী এর কার্যালয়
নাটোর রিজিয়ন, নাটোর।

☎ ০২৫৮৮৮৭৪১০৩, Email: xen_natore@bmda.gov.bd



স্মারক নং-বিএমডিএ/নিঃপ্রঃ/নাটোর/প্রশাঃ/এপিএ/১৪/২০২২-২৩/৭৫৫

তারিখঃ ০৪/০৬/২০২৩খ্রি.

অফিস আদেশ

নির্বাহী পরিচালক, বিএমডিএ, রাজশাহী মহোদয়ের সাথে নির্বাহী প্রকৌশলী, বিএমডিএ, নাটোর রিজিয়ন, নাটোর দপ্তরের ২০২২-২৩ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হয়েছে। মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক বার্ষিক কর্মসম্পাদন চুক্তি'র কার্যক্রমের অংশ হিসেবে অত্র দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) হালনাগাদকরণ, সিদ্ধান্ত গ্রহণ, গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়িত হচ্ছে কিনা তা পর্যালোচনা করার লক্ষ্যে নিম্নবর্ণিতভাবে 'সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি' পুনর্গঠন করা হল।


সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি :

১. জনাব মোঃ শফিকুল ইসলাম, উপ-সহকারী প্রকৌশলী, অত্র দপ্তর ও আহ্বায়ক (ফোকাল পয়েন্ট কর্মকর্তা), সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি।
২. জনাব মোঃ হাসানুজ্জামান, সহকারী হিসাব রক্ষণ কর্মকর্তা, অত্র দপ্তর ও সদস্য, সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি।
৩. জনাব মোঃ রুহুল আমিন, কম্পিউটার অপারেটর, অত্র দপ্তর ও সদস্য-সচিব (বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা), সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি।

কমিটির কার্যপরিধি নিম্নরূপ:

- কমিটি সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনায় উল্লিখিত কার্যক্রম/সেবাসমূহ/সংশ্লিষ্ট অধিশাখা/শাখা হতে সিটিজেন্স চার্টার অনুযায়ী প্রদান করা হচ্ছে কিনা সেবিষয়ে ত্রৈমাসিক ভিত্তিতে পরিবীক্ষণ করবেন এবং এসংক্রান্ত প্রতিবেদন প্রণয়নপূর্বক দাখিল করবেন;
- কমিটি সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ ও বাস্তবায়ন কমিটির সিদ্ধান্ত বাস্তবায়নের বিষয়টি মনিটর করবেন
- সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা, ২০২২-২৩ এর সকল কার্যক্রমসমূহ লক্ষ্যমাত্রা অনুসারে বাস্তবায়ন কার্যক্রম মনিটরিং করবেন;
- নিয়মিত সেবা প্রদান প্রতিশ্রুতি সেবা বন্ধ হালনাগাদ কার্যক্রম মনিটরিং করবেন;
- ত্রৈমাসিক ভিত্তিতে কমিটির সভা আয়োজন এবং কর্মপরিকল্পনার সকল কার্যক্রমসমূহ লক্ষ্যমাত্রা অনুসারে বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন ও পর্যালোচনা করবেন;
- উর্দ্ধতন কার্যালয়ে ত্রৈমাসিক বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করবেন;
- অর্থ বছরের মাঝামাঝি সময়ে (১৫ জানুয়ারির মধ্যে) আওতাধীন অফিসসমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা এবং আওতাধীন অফিসসমূহকে ফলাবর্তক প্রদান করবেন;
- অর্থ বছর শেষে নির্ধারিত তারিখের মধ্যে সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনার স্বমূল্যায়িত প্রতিবেদন প্রমাণকসহ অফিস প্রধানের অনুমোদন গ্রহণ করে ১৫ জুলাই তারিখের মধ্যে উর্দ্ধতন কার্যালয়ে প্রেরণ করবেন।
- কমিটি অর্থ বছর শেষে ১৫ জুলাই তারিখের মধ্যে একাধিক অফিসসমূহ কর্তৃক দাখিলকৃত পূর্ববর্তী অর্থ বছরের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনার প্রমাণকসহ যাচাই করে চূড়ান্ত নম্বর প্রদানপূর্বক এপিএ মূল্যায়নকারী কর্মকর্তার নিকট চূড়ান্ত মূল্যায়ন প্রতিবেদন উপস্থাপন করবেন।

এতদ্বারা এআদেশ জারীর ফলে ইতোপূর্বে জারীকৃত অফিস আদেশটি বাতিল বলে গণ্য হবে।


(মোঃ মনিরুজ্জামান মনির)

নির্বাহী প্রকৌশলী
বিএমডিএ, নাটোর রিজিয়ন, নাটোর।

জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি :

- ১। সহকারী প্রকৌশলী, বিএমডিএ, নাটোর/বড়াইগ্রাম জোন, নাটোর।
- ২। অফিস কপি/ব্যক্তিগত নথি।

সদয় অবগতির জন্য অনুলিপি :

নির্বাহী পরিচালক, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী।